

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.legislative.gov.bd

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন প্রসঙ্গে।

সভাপতি	মোছাঃ জাম্মাতুল ফেরদৌস যুগ্মসচিব (ড্রাফটিং-৫) এবং সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর পরিবীক্ষণ কমিটি
সভার তারিখ	১৭/০২/২০২৫ খ্রি.
সভার সময়	সোমবার, ১১.০০ ঘটিকা
স্থান	কক্ষ নং- ৬১৪/ক, ৭ম তলা, ৪ নং ভবন, বাংলাদেশ সচিবালয়
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর কর্মপরিকল্পনা অনুযায়ী সিটিজেন চার্টারের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন ও পর্যালোচনার লক্ষ্যে গত ১৭.০২.২০২৫ খ্রি: তারিখ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব এবং সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর পরিবীক্ষণ কমিটি এর প্রধানের সভাপতিত্বে (কক্ষ নং- ৬১৪/ক, ৭ম তলা, ৪ নং ভবন, বাংলাদেশ সচিবালয়) একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্মকর্তাগণের উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'তে সংযুক্ত।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর কর্মপরিকল্পনা অনুযায়ী সিটিজেনস চার্টারের বাস্তবায়ন অগ্রগতি এবং উক্ত চার্টারের হালনাগাদ তথ্য উপস্থাপন করেন। সভায় এ বিভাগের সিটিজেনস চার্টার এর বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা হয় এবং উক্তরূপ আলোচনার প্রেক্ষিতে কতিপয় বিষয় সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথা: -

সিদ্ধান্তসমূহ: -

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর প্রয়োজনীয় সংশোধনপূর্বক উহা ওয়েবসাইটে হালনাগাদকরণ।

১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রেরণের নিমিত্ত রিপোর্ট প্রস্তুতপূর্বক কর্মসম্পাদন শাখায় প্রেরণ।

আগামী ১১/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে কমিটির সকল সদস্যবৃন্দ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় মতামত লিখিত ফরম্যাটে সদস্য সচিবের কাছে প্রেরণ।

৪। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সকল সংযুক্তিসমূহ:

(১) পরিশিষ্ট ক

জান্নাতুল ফেরদৌস

১২-০৩-২০২৫

মোছাঃ জান্নাতুল ফেরদৌস
যুগ্মসচিব (ড্রাফটিং-৫) এবং সভাপতি, সেবা
প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর
পরিবীক্ষণ কমিটি।

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৫.০০.০০০০.০০০.১১১.০৬.০০০১.২২.৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব (ড্রাফটিং-৬), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ২। সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং-৭), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৩। সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং-৯), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।



১২-০৩-২০২৫

প্রকৌ মো: নাহিদ মিয়া
প্রোগ্রামার এবং সদস্য সচিব, সেবা প্রদান
প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি